উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

## সেপ্টেম্বর/২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ২১ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি: |
| সময় | : | সকাল: ১১.৩০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে মাননীয় সংসদ সদস্য মহোদয় ও সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার মাননীয় সংসদ সদস্য মহোদয় ও সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে আগষ্ট/২৩ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের আওতায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে মোট ৪,২৯,৫৪,৫৪৯ (চার কোটি উনত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত উনপঞ্চাশ) টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১ম কিস্তিতে মোট ২৩,৫৪,০০০ টাকা পাওয়া গেছে। সঠিক সময়ে কাজ বাস্তবায়ন এবং কাজের গুণগত মান ঠিক রাখার স্বার্থে উক্ত টাকার বিপরীতে দ্রুত প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান গণকে অনুরোধ জানানো হলে বিভিন্ন ইউনিয়ন থেকে প্রকল্প তালিকা পাওয়া যায়। এবং গত ১৮-০৯-২০২৩ খ্রি: তারিখে প্রকল্প যাচাই বাছাই কমিটি উক্ত প্রকল্প যাচাই বাছাই করে উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য সুপারিশ করেন (তালিকা সংযুক্ত পরিশিষ্ট-ক)। | ক) বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থ বছরের আওতায় রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত ৪,২৯,৫৪,৫৪৯ (চার কোটি উনত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত উনপঞ্চাশ) টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী থেকে প্রাপ্য টাকার বিপরীতে প্রকল্প বাছাই কমিটি কতৃক সুপরিশকৃত তালিকা (পরিশিষ্ট-ক) অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের ১০ জুলাই,২০১৭ সালের স্মারক নং ৫৪২ মূলে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন,২০০৯ এর দ্বিতীয় তফসিলের ২২ নম্বর ক্রমিকে ইউনিয়নে নতুন বাড়ী, দালান নির্মাণ বা পুন:নির্মাণ এবং বিপজ্জনক দালান নিয়ন্ত্রণে ইউনিয়ন পরিষদ এর দায়িত্ব রয়েছে। এ প্রেক্ষিতে উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভুত উপজেলা ও ইউনিয়ন পরিষদ এর অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণের জন্য উপজেলা কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির মাধ্যমে বিভিন্ন বিধি বিধান অনুসরণ ও সরকার কর্তৃক নির্ধারিত হারে ফি (৫০% উপজেলা রাজস্ব তহবিল এবং ৫০% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের রাজস্ব তহবিলে) জমা দানের প্রেক্ষিতে লে- আউট প্ল্যান অনুমোদনের বিধান রয়েছে। এই প্রেক্ষিতে উপজেলা পরিষদ ও ইউনিয়নের রাজস্ব বৃদ্ধি এবং সরকারের নির্দেশনা বাস্তবায়নের প্রেক্ষিতে সকল ইউপি চেয়ারম্যানগণকে তার অধিক্ষেত্রাধীন নতুন ইমারত নির্মাণের ক্ষেত্রে উপজেলা পরিষদ | খ) বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের রাজস্ব বৃদ্ধি এবং সরকারের নির্দেশনা বাস্তবায়নের লক্ষে জামালপুর সদর উপজেলা পরিষদস্থ বিভিন্ন ইউনিয়নে ইমারত নির্মাণের প্রাক্কালে উপজেলা পরিষদ থেকে লে-আউট প্ল্যান/নকশা অনুমোদনসহ জনসচেতনাতা বৃদ্ধির লক্ষে ১৫টি ইউনিয়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ থেকে মাইকিং সহ অন্যান্য কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সংশ্লিষ্ট কমিটি |

| | | |
|---|---|---|
| থেকে লে-আউট প্ল্যান/নকশা অনুমোদন করানোর উপর গুরুত্বারোপ করেন। | | |
| ২। স্বাস্থ্য বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ২০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৯০.৯৭%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯০.০৫%, ৩য় ডোজ (বোস্টার) গ্রহণকারীর হার ৬৬.২১% এবং ৪র্থ ডোজ গ্রহণকারীর হার ৮.৭৭%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| ৩। কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, জামালপুর সদর উপজেলায় ২০২৩-২৪ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে। বৃহত্তর ময়মনসিংহ প্রকল্পের আওতায় তিনদিন ব্যাপী কৃষি মেলা উপজেলা পরিষদ চত্বরে অনুষ্ঠিত হবে। ইতিমধ্যে ১০০ জন কৃষকের মধ্যে মাসকালাই এর প্রণোদনার সার ও বীপ বিতরণ সম্পন্ন হয়েছে। আসন্ন রবি মৌসুমে ০৭ ধরনের ফসলের প্রণোদনা (গম, ভূট্টা, সরিষা, চীনা বাদাম, শীতকালীন পিঁয়াজ, মসুর ও মুগ ডাল) ১৩,৮৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে বিতরণ করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক নিয়মে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যার সমাধানসহ সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে সঠিক সময়ে পৌছে দেওয়া সহ কৃষকদের প্রয়োজনে সব ধরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪। মৎস্য বিভাগঃ<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, মাছের বাজারে ফরমালিন বিরোধী অভিযান চলছে। মৎস্য পরামর্শ দিবসে মৎস্য চাষিদের পরামর্শ প্রদান করা হচ্ছে এবং মৎস্য হ্যাচারী আইন ও মৎস্য খাদ্য আইনের অধীনে লাইসেন্স প্রদান কার্যক্রম চলমান রয়েছে এছাড়া দপ্তরের অন্যান্য যাবতীয় কাজ সরকারি নীতিমালা মোতাবেক চলমান রয়েছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, ২০/০৯/২০২৩খ্রি পর্যন্ত গবাদি পশু চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ২,২৫০টি, হাঁস মুরগী ২৫,০৫০টি, পোষা পাখি পশু-০৮টি। কৃত্রিম প্রজনন দেওয়া হয়েছে ১,১৯০ টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে ১১ টি ও ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০২ টি। এছাড়া বিভিন্ন প্রকল্প হতে ২৯ জন সুফলভোগীকে ২০টি করে হাঁস ও ২০টি করে মুরগী প্রদান করা হয়েছে এবং ৫০ জনকে ০২টি করে মোট ১০০টি ছাগল এবং ০৩টি করে ভেড়া সহ মোট ১৫০টি ভেড়া প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্টু ও সুন্দরভাবে চলছে। | প্রাণি সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ২০/০৯/২০২৩খ্রিঃ পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা-১,৩৬,১৪২ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০১ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -১৬। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -৪৭ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) - ২২ জন। নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে-৫৫ জনকে। এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| ৭। ত্রাণ ও পুর্ণবাসন:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| ৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সদর, জামালপুর। |
| ৯। শিক্ষা বিভাগ:<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, বিদ্যালয় পরিদর্শন আরো জোরদার করা হয়েছে। শিক্ষার্থীর সংখ্যা বিদ্যালয় পর্যায়ে বৃদ্ধির জন্য ক্লাষ্টার ভিত্তিক পরিকল্পনা অনুযায়ী হোম ভিজিট, মা সমাবেশ নিশ্চিত করতে বলা হয়েছে। ক্ষুদে ডাক্তার কার্যক্রম প্রতিটি বিদ্যালয়ে সঠিক ভাবে পালিত হচ্ছে। শিক্ষার্থীদের ইউনিক আইডির কাজ চলমান রয়েছে। উপবৃত্তির চাহিদা বিদ্যালয় ভিত্তিক জানু-জুন/২৩ পাঠানো হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| ১০। মহিলা বিষয়ক বিভাগ:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দর ও স্বাভাবিক ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |
| ১১। সমাজসেবা বিভাগ:<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, সিডিউল করে লাইভ ভেরিফিকেশন চলমান রয়েছে। লাইভ ভেরিফিকেশন থেকে প্রাপ্ত মৃত, সদবা ভাতাভোগীদের প্রতিস্থাপন করে দ্রুত সময়ের মধ্যে দেয়ার বিষয়ে সম্মানিত ইউনিয়ন চেয়ারম্যানগণকে আহবান করা হয়। এছাড়া ২০২৩-২৪ অর্থ বছরে অত্র উপজেলায় ৮০২১ টি বয়স্ক, ৬১১৮টি বিধবা ও ২৯২৬টি প্রতিবন্ধী ব্যাক্তি ভাতার জন্য আবেদন করেছেন। আবেদনকারীর সংখ্যা সমাজসেবা অধিদপ্তরে প্রেরণ করা হবে এবং পরবর্তীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সম্মানিত সকল সদস্যদের অবগত করা হবে। এছাড়া প্রতি ৩ মাস পর পর অত্র কার্যালয় হতে প্রেরোল প্রেরন করা হয়। প্রেরোল প্রেরণের ১৫-২০ দিনের মধ্যে ভাতার টাকা প্রেরণ শুরু হয়। পিন নম্বর সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য সবাইকে অনুরোধ জানান। এছাড়া অত্র উপজেলার প্রতিটি ইউনিয়নের সকল ভাতা ভোগীদের লাইভ ভেরিফিকেশন চলমান রয়েছে। সম্মানিত সকল জনপ্রতিনিধিদের সহযোগিতায় লাইভ ভেরিফিকেশন করতে সমর্থ হলে মৃত ভাতাভোগী, স্বধবা ভাতাভোগী চিহ্নিত করা সহজ হবে। এ বিষয়ে সবার সম্মতির মাধ্যমে একটি খসড়া সিডিউল তৈরি করে কাজ চলছে। এছাড়া মৃত অযোগ্য, নিরুদ্দেশ ভাতাভোগীদের দ্রতি সময়ের মধ্যে প্রতিস্থাপনের বিষয়ে সম্মানিত চেয়ারম্যান গণের দৃষ্টি আকর্ষণ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিন নাম্বার সম্পর্কে উপকার ভোগীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউপি চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া সহ সরকারি বিধি মোতাবেক বিভিন্ন ভাতা দ্রুত প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া স্থানীয় সকল জনপ্রতিনিধিসহ সুধিজনকে সহযোগিতার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) |
| ১২। যুব উন্নয়ন বিভাগ:<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ২,৫৯,৬৪৮ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |

| | | |
|---|---|---|
| প্রশিক্ষন বাস্তবায়ন করা হয়েছে ০০ জন। নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে-১৪ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | |
| **১৩। সমবায় বিভাগঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২৬৩ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৪,১৪,০০,০০০ (চার কোটি চৌদ্দ লক্ষ) টাকা এবং আদায় যোগ্য ঋণের পরিমাণ ১,৯৬,৪০,০০০ (এক কোটি ছিয়ানব্বই লক্ষ চল্লিশ হাজার) টাকা। ঋণ আদায়ের হার ৪৭%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৩৫,৯১,০০০ (পয়ত্রিশ লক্ষ একানব্বই হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ২৪,০৫,০০০ (চব্বিশ লক্ষ পাঁচ হাজার) টাকা। ঋণ আদায়ের হার ৬৭%। ব্যারাক ত্যাগকারী ঋণ গ্রহনকারীর সংখ্যা-৬৬ জন। ব্যারাক ত্যাগকারীদের নিকট ঋণ পাওনা ৪,২২,৯৩০ (চার লক্ষ বাইশ হাজার নয়শত ত্রিশ) টাকা এবং ঋণ গ্রহনকারী মৃত সদস্যদের নিকট ঋণ পাওনা ২,০৭,০০০ (দুই লক্ষ সাত) হাজার টাকা। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| **১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):**<br>উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় জানান যে, আগষ্ট/২৩ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ৬৭.০০ লক্ষ টাকা এবং ঋণ আদায় ৯৮.০০ লক্ষ টাকা। চলমান অর্থবছরে ০১টি ব্যাচের প্রশিক্ষণের বরাদ্দ পাওয়া গেছে যা অক্টোবর/২৩ মাসে বিতরণ হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| **১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ**<br>উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ৩৯০টি সাবমার্সিবল পাম্প বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে আশ্রয়ণ প্রকল্প ৪র্থ পর্যায়ে ১৫টি ৬নং অগভীর নলকুপ ও ৬টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর এবং ১৬টি অগভীর তারা সহ মোট ৩৭টি নলকূপ এর মধ্যে ১৯টি সম্পন্ন এবং বাকী কাজ চলমান রয়েছে। এবং পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে-৫০টি ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া গেছেএছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |
| **১৬। খাদ্য বিভাগঃ**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা সদর, জামালপুর। |
| **১৭। বন বিভাগঃ**<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| **১৮। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৬ষ্ঠ পর্যায়ে উপজেলা পরিষদ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |

| | | |
|---|---|---|
| দক্ষতামূল্যায়নে উত্তীর্ণ হয়েছে। যার ফলশ্রুতিতে উপজেলা পরিষদকে ৪০ লক্ষ টাকার বরাদ্দ প্রদান করা হয়েছে। এবং বরাদ্দকৃত অর্থের বিপরীতে প্রকল্প নির্বাচন করে অনুমোদনের জন্য প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং প্রকল্পের প্রধান কার্যালয় কর্তৃক অনুমোদন হয়েছে। উক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য টেন্ডার প্রক্রিয় শুরু করার কার্যক্রম চলমান আছে। এছাড়া উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগ গুলোকে প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য আহবান করা হচ্ছে। | পর্যায়ের জন্য প্রকল্প বাছাই কার্যক্রম গ্রহণ ও উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগীতা করার জন্য অনুরোধ করেন। | |
| ১৮। বিএডিসি (সেচ)<br>সহকারী প্রকৌশলী (সওকা), বিএডিসি, জামালপুর জোন, জামালপুর সভায় বলেন যে, চলতি ২০২৩-২৪ অর্থ বছরে জামালপুর সদর উপজেলা সমূহে ইউপিভিসি বারিড পাইপ লাইনের (ভূ-গর্ভস্থ সেচনালা) মাধ্যমে ৩৮টি গভীর নলকূপ দ্বারা ৯০০ হেক্টর এবং ০৪ টিএলএলপি দ্বারা ৮০ হেক্টর জমিতে সুষ্ঠুভাবে সেচ সুবিধা প্রদান করা হচ্ছে। এছাড়া ০২টি সৌর বিদ্যুৎ চালিত ডাগওয়েল দ্বারা সেচ সুবিধা প্রদান করা হচ্ছে। মাঠ পর্যায়ে সেচ লাইসেন্স কার্যক্রম চলমান রয়েছে। এবং বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিএডিসি সেচ প্রকল্পের আওতায় সকল কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |
| ১৯। পাট উন্নয়ন কর্মকর্তা:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর। |
| ২০। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, সদর, জামালপুর। |
| ২১। পল্লী সঞ্চয় ব্যাংক:<br>ব্রাঞ্চ ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক সভায় বলেন যে, পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ২০২৩/২৪ অর্থবছরের ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় আদায়ের কার্যক্রম চলমান আছে। এছাড়া বিভাগীয় অন্যন্য কার্যক্রম সুষ্টু ও সুন্দরভাবে চলছে। | ঋণ বিতরণসহ বিভাগীয় সকল কাযক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্র্যাঞ্চ ম্যানেজার<br>পল্লী সঞ্চয় ব্যাংক, সদর জামালপুর। |
| ২২। বিবিধ:<br>(ক) হাটবাজার উন্নয়ণ সম্পর্কিত:<br>সভায় ১৯৩০ বাংলা সনের হাটবাজার ইজারা লব্দ আয়ের ১৫% অর্থ দ্বারা নিম্নে বর্ণিত প্রকল্প বাস্তবায়নের জন্য বিস্তারিত আলোচনা করা হয়।<br>০৭ নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মো: গোলাম কিবরিয়া গোপালপুর বাজারের গরুর হাটি পাকা রাস্তা সংলগ্ন সুলতানের দোকান হতে পূর্ব দিকে করিম মেকারের বাড়ী পর্যন্ত রাস্তায় বালি ভরাটসহ রাস্তা ছলিং করন বাবদ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকার এস্টিমেট পেশ করেন। | (ক) বিস্তারিত আলোচনান্তে ০৭ নং ঘোড়াধাপ ইউনিয়নের গোপালপুর বাজারের গরুর হাটি পাকা রাস্তা সংলগ্ন সুলতানের দোকান হতে পূর্ব দিকে করিম মেকারের বাড়ী পর্যন্ত রাস্তায় বালি ভরাটসহ রাস্তা ছলিং করন বাবদ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকার এস্টিমেট টাকার এস্টিমেট, প্রকল্প বাস্তবায়ন কমিটির রেজুলেশন সহ হাটবাজার উন্নয়ন ও ব্যবস্থাপনার সরকারি নীতিমালা মোতাবেক ব্যয়ের | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি। |

<table>
<tr>
<td></td>
<td>সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td><u>(খ) ইউনিয়ন পরিষদের ভবন নির্মাণ সংক্রান্ত:</u><br>চেয়ারম্যান, ০৩ নং লক্ষিরচর ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, তার ইউনিয়নের সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ভবনটি অত্যন্ত জরাজীর্ণ ও ঝুকিপূর্ণ অবস্থায় রয়েছে। মাঝে মধ্যেই ছাদ ভেঙ্গে পড়ে। যার দরুণ পরিষদে আগত সেবা গ্রহীতা বা পরিষদের সদস্যরা যেকোন সময় মারাত্বক দূর্ঘটনার সম্মূখীন ঘটতে পারে। এছাড়াও বৃষ্টি আসলে ছাদ দিয়ে চুয়ে চুয়ে রুমের ভিতরে পানি ডুকে। এহেন অবস্থায় জরুরী ভিত্তিতে ০৩ নং লক্ষিরচর ইউনিয়ন পরিষদের নতুন ভবন নির্মাণকল্পে জমির সংস্থান এবং নতুন ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।</td>
<td>(খ) বিস্তারিত আলোচনান্তে, জামালপুর সদর উপজেলা পরিষদের ০৩ নং লক্ষিরচর ইউনিয়ন পরিষদের নতুন ভবন নির্মাণের জন্য জমি সহ আর্থিক বরাদ্দের অনুমোদনে জন্য জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি।</td>
</tr>
<tr>
<td>(গ) <u>উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৫) আসবাবপত্র ক্রয় ও মেরামত।</td>
<td>(গ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত, অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত,আসবাবপত্র ক্রয় ও মেরামতের বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর।</td>
</tr>
<tr>
<td><u>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত :</u><br>রাজস্ব তহবিলের ২৪ আগষ্ট,২০২৩ থেকে ২০ সেপ্টেম্বর,২৩ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৯,০০০</td></tr>
<tr><td>অপ্রত্যাশিত খাতে ব্যয়</td><td>৩০,০০০</td></tr>
<tr><td>আনসারের বেতন</td><td>৮,৩৩৩</td></tr>
<tr><td>আপ্যায়ন ও অফিস স্টেশনারী</td><td>৩৮,০০০</td></tr>
<tr><td>মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান</td><td>২৩,১০০</td></tr>
<tr><td>জাতীয় দিবস উদযাপন</td><td>৩১,৭৭৩</td></tr>
<tr><td>মিটার রিচার্জ</td><td>৫০,০০০</td></tr>
<tr><td>বাসাবাড়ী ও অফিস মেরামত</td><td>৯১,২৩১</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৩,৭১,৪৩৭</td></tr>
</table></td>
<td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ২৪ আগষ্ট, ২০২৩খ্রিঃ থেকে ২০ সেপ্টেম্বর, ২৩ খ্রিঃ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ৩,৭১,৪৩৭ (তিন লক্ষ একাত্তুর হাজার চারশত সাইত্রিশ) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td>
<td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, জামালপুর সদরের উন্নয়নের স্বার্থে সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার সহিত কাজ করতে হবে। সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া টি.আর, কাবিখা সহ যাবতীয় উন্নয়নমূলক প্রকল্প দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। স্বল্প সময়ে মানুষের মাঝে যাবতীয় সরকারি সেবা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যান সহ সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারিদের সময়মত অফিসে আসা নিশ্চিত করতে হবে। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন

ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন এবং জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

A. Hossain
(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২৩- ৯৯৯ তারিখ: ২১ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা..............................................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান ..........................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ...............................................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

২১/০৯/২৩
(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd